মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০১৪ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **আগস্ট ২০১৪** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৬ সেপ্টেম্বর ২০১৪**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২০৮	১৭৮	৩০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১০৭৩	৯০২	১৭১
মোট	**১,২৮১**	**১,০৮০**	**২০১**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	৫	১০	১০	০৫	৩০
দুর্নীতি দমন কমিশন	-	-	৫২	২৪	৯৪	০১	১৭১*

* সুপারনিউমারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	-	-	-	০৫	-	০৫	

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: **নেই।**

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	০৫	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বৎসরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Supporting the Good Governance Programme (SGGP)	-	▪ জুন ২০১৩ পর্যন্ত ব্যয় হয় ৭.২৫ কোটি টাকা (এডিবি এবং জিওবি অর্থায়ন) ব্যয়ের হার ৯৫ শতাংশ। ▪ আগস্ট ২০১৪ মাসে প্রকল্পে কোন ব্যয় হয়নি।	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	০০	০০	০৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি মামলা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতের মামলা নং-৭/২০০০-এর আওতায় বিচারাধীন রয়েছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	২৫টি	২৮৫.১২	-	-	২৫টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	৩৬টি	৯৮৫.৩৫	০৪	০০	৩৬টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বৎসরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন- ১১	-	-	-	-	১১	-

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Training on Performance Management **স্থান:** প্রধানমন্ত্রীর কার্যালয়	২৭-৩১ আগস্ট ২০১৪	প্রধানমন্ত্রীর কার্যালয়	৩ জন (১ জন যুগ্মসচিব, ১ জন উপসচিব ও ১ জন সিনিয়র সহকারী সচিব)
	২।	Course on Project Management for Bloomberg Global Initiative to Reduce Tobacco Use **স্থান:** সিলেট	২৪-২৮ আগস্ট ২০১৪	International Union against Tuberculosis and Lung Diseases-এর দক্ষিণপূর্ব এশিয়া অফিস	২ জন (উপসচিব)
	৩।	Project Feasibility/Appraisal Study **স্থান:** জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা	২৪-২৮ আগস্ট ২০১৪	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	১ জন (সিনিয়র সহকারী সচিব)
	৪।	বিসিএস (ইকনমিক) ক্যাডারের ২৯তম ব্যাচের বিভাগীয় প্রশিক্ষণ স্থান: জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, নীলক্ষেত, ঢাকা	১৮ আগস্ট ২০১৪ থেকে ২২ অক্টোবর ২০১৪	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	১ জন সহকারী প্রধান
দুর্নীতি দমন কমিশন	৫।	ওরিয়েন্টেশন কোর্স	১৮-২৮ আগস্ট ২০১৪	দুর্নীতি দমন কমিশন	২৯ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দ্য জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দ্য জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০৩টি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) ২৭ আগস্ট ২০১৪ তারিখে আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩) ২৪ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় ৪০টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩৩তম সভা ২৭ আগস্ট ২০১৪ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

(৫) ০৯ আগস্ট ২০১৪ তারিখে Orientation Training উপলক্ষে ০৭টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে মন্ত্রিপরিষদ সচিবের সঙ্গে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৩৩তম ব্যাচের শিক্ষানবিশ সহকারী কমিশনারগণের ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(৬) ৩১ আগস্ট ২০১৪ তারিখে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) সচিবালয়ের সাংগঠনিক মর্যাদা নির্ধারণ এবং জাতীয় দক্ষতা ও রেমিটেন্স সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রিসভা কমিটির আবশ্যকতা ও কার্যপরিধি নিরূপণের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়।

(৭) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে ০৭ আগস্ট ও ২৫ আগস্ট ২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর দুইটি সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৮) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি সরকারি সফরে ১৭ আগস্ট ২০১৪ তারিখ লন্ডনের উদ্দেশে ঢাকা ত্যাগ এবং ২৫ আগস্ট ২০১৪ তারিখ ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৯) কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় পবিত্র ঈদ-উল-ফিতরের দিনে পদ্মা নদীতে নৌকাডুবিতে নিখোঁজ ব্যক্তিগণের উদ্ধার সংক্রান্ত প্রতিবেদন ৫ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১০) কাওড়াকান্দি হতে মাওয়াগামী যাত্রীবাহী লঞ্চ এম. ভি. পিনাক-৬ দুর্ঘটনা কবলিত হওয়ার ঘটনা প্রসঙ্গে জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ কর্তৃক প্রেরিত প্রতিবেদন ৬ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১১) সিরাজগঞ্জ জেলায় কালীমন্দিরে অগ্নিসংযোগ সংক্রান্ত ঘটনার প্রতিবেদন ১১ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১২) কাওড়াকান্দি হতে মাওয়াগামী যাত্রীবাহী লঞ্চ এম. ভি. পিনাক-৬ দুর্ঘটনা কবলিত হওয়ার বিষয়ে জেলা প্রশাসক, মুন্সিগঞ্জ ও মাদারীপুর কর্তৃক প্রেরিত প্রতিবেদন ১৩ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৩) সর্বোচ্চ সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনার জন্য জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া, সর্বোচ্চ পরিমাণ জরিমানা আদায়ের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী এবং সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তির জন্য জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রামকে ১৪ আগস্ট ২০১৪ তারিখে ধন্যবাদ জ্ঞাপন করে পত্র দেওয়া হয়।

(১৪) গাইবান্ধা জেলার ব্রহ্মপুত্র নদে নৌকাডুবির ঘটনার বিস্তারিত প্রতিবেদন ২৪ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৫) টাঙ্গাইল জেলার ফলদা কেন্দ্রীয় কালীমন্দিরে অগ্নিসংযোগ সংক্রান্ত ঘটনার প্রতিবেদন ২৫ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৬) নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে টিফিন খেয়ে অর্ধশতাধিক ছাত্রী অসুস্থ হওয়া সংক্রান্ত স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন ২৮ আগস্ট ২০১৪ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৭) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশীটভুক্ত ৩৯ জন, নথিভুক্তির সংখ্যা ৮১ জন এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ার ০৯ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(১৮) বিভিন্ন আইনে একজন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণ করা হয়।

(১৯) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(২০) মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৮ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে একজন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং একজন কর্মকর্তার বিরুদ্ধে তদন্তে প্রাথমিকভাবে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২১) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৯তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর কর্মসূচির বিষয়ে ১০ আগস্ট ২০১৪ তারিখে বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, ঢাকা/গোপালগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) পাবলিক পরীক্ষাসমূহের প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণের বিষয়ে গত ১৩ আগস্ট ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত প্রস্তাব বাস্তবায়নের বিষয়ে ২৭ আগস্ট ২০১৪ তারিখে সচিব, পানি সম্পদ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ, নৌ-পরিবহন মন্ত্রণালয় এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) বাংলাদেশে অবস্থিত দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত জাপানি সৈনিকদের দেহাবশেষ উদ্ধার ও প্রত্যাবাসনের বিষয়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম ও কুমিল্লার মতামত ২৫ আগস্ট ২০১৪ তারিখে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৫) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সার্কিট হাউজ ব্যবহারের সুবিধা প্রদানের বিষয়ে ৩১ আগস্ট ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) ২০১৪ সালের জেএসসি/জেডিসি পরীক্ষা সুসম্পন্ন করণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ৩১ আগস্ট ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) ২০ আগস্ট ২০১৪ তারিখে জাতীয় পরিবেশ কমিটি; প্রকল্প কর্মকর্তাদের বদলি সংক্রান্ত কমিটি; রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন সংশ্লিষ্ট জাতীয় কমিটি; রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন সংশ্লিষ্ট কারিগরি কমিটি; রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন সংশ্লিষ্ট ওয়ার্কিং-গ্রুপ; রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়ন সংশ্লিষ্ট ওয়ার্কিং-গ্রুপ-এর আটটি সাব-গ্রুপ; বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশলপত্র (Bangladesh National Conservation Strategy)- এর খসড়া চূড়ান্তকরণের জন্য মন্ত্রিসভা কমিটি; Revitalization of Community Health Care Initiatives in Bangladesh শীর্ষক উন্নয়ন প্রকল্পের National Advisory Council (NAC); বিদ্যুৎ খাতের উন্নয়নে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের ভিত্তিতে গৃহীতব্য কার্যক্রম যথাদ্রুত বাস্তবায়নের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য মন্ত্রিসভা কমিটি; জাতীয় পল্লী উন্নয়ন কাউন্সিল,

জাতীয় স্টিয়ারিং কমিটি এবং আন্তঃমন্ত্রণালয় স্টিয়ারিং কমিটি; দেশে জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদার এবং এ কার্যক্রম অধিকতর সমন্বয়ের লক্ষ্যে টাস্ক ফোর্স ও কমিটিসমূহ গঠিত হয়।

(২৮) ১৪ আগস্ট ২০১৪ তারিখে RTI Working Group-এর সভা অনুষ্ঠিত হয়।

(২৯) মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন টিমের সভা ২০ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত হয়।

(৩০) TA BAN: 'Improving Public Administration and Service Delivery through E-Solutions-Mid-Term TA Review Mission-Request for Mission Clearance (6 to 11 September 2014) সংক্রান্ত পত্র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

(৩১) ২০১৩-১৪ অর্থ-বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি পর্যালোচনা প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে ক্রয় সংক্রান্ত তথ্য সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়।

(৩২) আগস্ট ২০১৪ মাসে তিনটি ভিডিও কনফারেন্সিং-এ সার্বিক সহায়তা প্রদান করা হয়।

(৩৩) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম এবং ইউনিয়ন তথ্য ও সেবাকেন্দ্রের ড্যাশবোর্ড মনিটরিং করা হচ্ছে এবং আগস্ট ২০১৪ মাসে কার্যক্রমের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(৩৪) মন্ত্রিপরিষদ বিভাগের পরিচালিত ন্যাশনাল ই-সেবা কেন্দ্র, জেলা তথ্য বাতায়ন, ভিডিও কনফারেন্সিং সিস্টেম, মাল্টিমিডিয়া ক্লাসরুম এবং ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের সার্বিক কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ করার লক্ষ্যে ২৬ আগস্ট ২০১৪ তারিখে একটি অফিস আদেশ করা হয়।

(৩৫) ন্যাশনাল পোর্টাল সংক্রান্ত প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থ চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগের অনুকূলে ৪০ লক্ষ এক হাজার ২৮০ টাকা প্রেরণ করা হয়।

(৩৬) জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) সচিবালয়ের সাংগঠনিক মর্যাদা নির্ধারণ এবং জাতীয় দক্ষতা ও রেমিটেন্স সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রিসভা কমিটির আবশ্যকতা ও কার্যপরিধি নিরূপণের লক্ষ্যে সুপারিশ প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়।

(৩৭) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণকে বিভিন্ন কমিটিতে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে ২১ আগস্ট ২০১৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিপত্র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩৮) সীমান্তবর্তী জেলাসমূহের মধ্যে জেলা প্রশাসক-জেলা ম্যাজিস্ট্রেট পর্যায়ে সভার বিষয়ে ২১ আগস্ট ২০১৪ তারিখে সকল বিভাগীয় কমিশনার এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) জেলা পর্যায়ে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ সভায় বিভাগীয় প্রধানদের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে ২১ আগস্ট ২০১৪ তারিখে সকল সিনিয়র সচিব/সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) টাঙ্গাইল জেলার যৌনপল্লী উচ্ছেদ সংক্রান্ত জেলা প্রশাসক কর্তৃক প্রেরিত প্রতিবেদন ৪ আগস্ট ২০১৪ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৪১) ফৌজদারি কার্যবিধির আওতায় নির্বাহী ম্যাজিস্ট্রেটের আদালতে মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জনের জন্য ১৮ আগস্ট ২০১৪ তারিখে ৩৯ জন জেলা ম্যাজিস্ট্রেটকে পত্র দেওয়া হয়।

(৪২) ফৌজদারি কার্যবিধির আওতায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের আদালতে মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জনের জন্য ১৮ আগস্ট ২০১৪ তারিখে ৩৮ জন জেলা ম্যাজিস্ট্রেটকে পত্র দেওয়া হয়।

গ. আগামী দুই (সেপ্টেম্বর-অক্টোবর) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে ২০১৪ সালের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদন প্রণয়ন।

(৭) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৩-১৪ অর্থ-বৎসরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।